




ফোন : ৮৮০-২-৮১৮১৯২২
ফ্যাক্স : ৮৮০-২-৮১৮১০১৫
ই-মেইল : info@baera.gov.bd
ওয়েবসাইট : www.baera.gov.bd



“শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন”
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭।

সূত্র নং: বিএইআর-৭(৪১)/২০০৫(অংশ)/২১৮

তারিখ: ০৪/১১/২০২০ খ্রি:

অফিস আদেশ সংখ্যা-৩১/২০২০

বিষয়: X-ray Machine স্থানান্তর এবং X-ray Fluorescence (XRF), X-ray Diffractometer (XRD), Luggage Scanner, Electron Capture Detector (ECD), Bone Mineral Densitometer (BMD), Dental X-ray/OPG, Hand held X-ray ইত্যাদি মেশিনের নতুন লাইসেন্স/নবায়নকৃত লাইসেন্স প্রদান সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা।

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক ১১-১২-২০১৯ খ্রি. এবং ২০-১০-২০২০ খ্রি: তারিখে অনুমোদনক্রমে আয়নায়নকারী বিকিরণ উৎসের লাইসেন্স প্রদানের ক্ষেত্রে নিম্নোক্তভাবে নির্দেশনা অনুসরণ করতে হবেঃ

- ১। যদি কোন প্রতিষ্ঠানে একাধিক মেশিনের লাইসেন্স থাকে তাদের মধ্যে এক/একাধিক মেশিন একই প্রতিষ্ঠানের অন্য ঠিকানায় স্থানান্তর করা হয় এবং উক্ত প্রতিষ্ঠানে পূর্বে লাইসেন্সকৃত কোন মেশিন না থাকলে নতুন মেশিনের লাইসেন্সের জন্য আবেদন করতে হবে। সে ক্ষেত্রে যে লাইসেন্স হতে মেশিন স্থানান্তর করা হবে সেটি সংশোধনের জন্য কোন ফি প্রয়োজন হবে না।
- ২। মেশিন স্থানান্তরিত প্রতিষ্ঠানে পূর্বের লাইসেন্সকৃত মেশিন থাকলে উক্ত স্থানান্তরিত মেশিন তার সাথে অন্তর্ভুক্ত হয়ে যাবে। তবে শুধু সেই মেশিনটির (স্থানান্তরিত) নবায়ন ফি দিতে হবে।
- ৩। কোন লাইসেন্সে যদি ১টি মেশিন অন্তর্ভুক্ত থাকে এবং উক্ত মেশিনটি একই প্রতিষ্ঠানের অন্য কোন শাখায় স্থানান্তর করা হয় তা হলে মূল লাইসেন্সটি হালনাগাদ করে সমর্পণ করতে হবে। একই সাথে অন্য শাখায় স্থানান্তরিত মেশিনটি; যেখানে পূর্বের কোন লাইসেন্স ছিল না, সে ক্ষেত্রে মেশিনটির জন্য নতুন লাইসেন্সের আবেদন করতে হবে। উল্লেখ্য যে, নতুন শাখায় পূর্বের কোন লাইসেন্স থাকলে অনুচ্ছেদ-২ অনুসরণ করতে হবে।
- ৪। লাইসেন্সধারী/ প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের ক্ষেত্রে সংশোধনী ফি একক লাইসেন্স ফি এর সমতুল্য হিসেবে প্রদান করতে হবে।
- ৫। একই প্রতিষ্ঠানের একাধিক লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের তারিখ ডিসেম্বর ও জুন মেয়াদে পৃথক পৃথক থাকলে ২(দুই)টি মেয়াদের লাইসেন্সকে এক মেয়াদে একীভূত করার জন্য অতিরিক্ত ০৬ (ছয়) মাসের লাইসেন্স নবায়ন ফি (নবায়ন ফি এর ৫০%) প্রদান করে লাইসেন্স সমূহ একীভূত করা যাবে।
- ৬। তুলনামূলক কম বিকিরণ ঝুঁকি বিবেচনায় Safety-এর ক্ষেত্রে IAEA এর Graded Approach এর আলোকে X-ray Fluorescence (XRF), X-ray Diffractometer (XRD), Luggage Scanner, Electron Capture Detector (ECD), Bone Mineral Densitometer (BMD), Dental X-ray/OPG, Hand held X-ray ইত্যাদি মেশিনের সমতুল্য বিকিরণ যন্ত্রের নতুন লাইসেন্সের মেয়াদ ২ (দুই) বছর করা হবে। লাইসেন্স নবায়নের ক্ষেত্রে বর্ণিত বিকিরণ উৎস সমূহসহ অন্যান্য X-ray মেশিন যাহার কক্ষের Shielding ব্যবস্থা পানিবিদী বিধিমালা-১৯৯৭ এবং Regulatory Guide অনুযায়ী সন্তোষজনক সেই ক্ষেত্রে ২ (দুই) বছরের নবায়ন ফি প্রদান সাপেক্ষে লাইসেন্স ২ (দুই) বছরের জন্য নবায়ন করা হবে।

(মোঃ আফছার উদ্দিন)

উর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তা

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

বিতরণ/কার্যার্থেঃ

- ১। পরিচালক (সকল), বাপশনিক, ঢাকা।
- ২। উর্ধ্বতন হিসাবরক্ষণ কর্মকর্তা, বাপশনিক, ঢাকা।
- ৩। গার্ড ফাইল।

সদয় জ্ঞাতার্থেঃ

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
- ২। প্রফেসর ডা: সাহানা আফরোজ, সদস্য, বাপশনিক, ঢাকা।
- ৩। প্রকৌ. মো: শওকত আলী, সদস্য, বাপশনিক, ঢাকা।
- ৪। প্রকৌ. মো: মনিরুল ইসলাম, সদস্য, বাপশনিক, ঢাকা।